"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবার পরিকল্পনা অধিদপ্তর**
**প্রশাসন ইউনিট (মনিটরিং শাখা)**
**০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।**
www.dgfp.gov.bd

**পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সার্বিক কার্যক্রম পর্যালোচনা বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী।**

প্রধান অতিথি : মো: সাইদুর রহমান,
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি : ডা. আশরাফী আহমদ, এনডিসি,
মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
সভার স্থান : অডিটোরিয়াম, নিপোর্ট।
সভার তারিখ : ০৩/০২/২০২৬।
সময় : সকাল ০৯.৩০ ঘটিকা।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি মান্যবর সচিব মহোদয়কে সার্বিক কার্যক্রম বিষয়ক পর্যালোচনা সভায় উপস্থিত হয়ে প্রধান অতিথির আসন অলংকৃত করার জন্য সকলের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ধন্যবাদ জ্ঞাপনের পর সভাপতি কার্যপত্র অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন) জানান যে, এ সভার মাধ্যমে মাঠপর্যায়ের কর্মকর্তাদের সাথে সরাসরি কথা বলার সুযোগ সৃষ্টি হয়েছে, যার মাধ্যমে বিভাগীয় কার্যক্রমকে আরও গতিশীল ও উন্নত করার কর্মকৌশল নির্ধারণ করা সহজ হবে। এরপর অধিদপ্তরের সার্বিক কার্যক্রম বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জেলা/উপজেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের অবস্থান দৃঢ়করণ | সভায় মান্যবর সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পরিবার পরিকল্পনা বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের নিজেদের কোর হিসেবে পরিচিত ও প্রতিষ্ঠিত করার বিষয়ে গুরুত্ব দেন। বিভিন্ন বিভাগের সাথে কার্যকরী যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে আরও সম্প্রসারিত করার লক্ষ্যে স্ব স্ব কর্মক্ষেত্রে নিজেদের দৃঢ় ও গুরুত্বপূর্ণ অবস্থান অক্ষুণ্ন রাখার বিষয়ে আলোচনা করেন। | জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের নিজেদের কোর হিসেবে পরিচিত ও প্রতিষ্ঠিত করে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে আরও সম্প্রসারণ ও গুরুত্বপূর্ণ অবস্থানে নেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ২. | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্য সেবা উন্নীতকরণ | সভায় আলোচনা করা হয় যে, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হচ্ছে ইউনিয়ন পর্যায়ের প্রধান সেবা কেন্দ্র। উক্ত কেন্দ্রের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ের ৭০% জনগণকে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান করা সম্ভব। উক্ত কেন্দ্রের সেবা কার্যক্রম বিষয়ে জনগণকে অধিকতর অবহিত করা এবং সেবা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে ইউনিয়ন পর্যায়ের প্রধান সেবা প্রদানকারী কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে উক্ত কেন্দ্রের সেবা কার্যক্রম বিষয়ে জনগণকে অধিকতর অবহিত করা এবং সেবা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ৩. | কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতি, অবস্থান ও মনিটরিং | ১. মান্যবর সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সকল কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষেত্রে অবস্থান করে নিয়মিত উপস্থিত থেকে বিভাগের কার্যক্রম পরিচালনার ব্যাপারে সভায় আলোকপাত করেন। | ১. সকল কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষেত্রে অবস্থান ও নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল |

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের SACMO ও FWV সহ অন্যান্য সেবাকর্মীদের নির্ধারিত সময়ে কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সরাসরি ও ভার্চুয়াল মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>৩. পরিবার কল্যাণ পরিদর্শিকাদের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত সরকারি বাসভবনে অবস্থান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২.ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের SACMO ও FWV সহ অন্যান্য সেবাকর্মীদের নির্ধারিত সময়ে কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সরাসরি ও ভার্চুয়াল মনিটরিং করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. পরিবার কল্যাণ পরিদর্শিকাদের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত উপযোগী সরকারি বাসভবনে অবস্থান নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ৪. | প্রাতিষ্ঠানিক প্রসব সেবা বৃদ্ধির লক্ষ্যে ANC সেবা সম্প্রসারণ | সভায় আলোচনা করা হয় যে, প্রাতিষ্ঠানিক প্রসব সেবা বৃদ্ধিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রধান ভূমিকা পালন করতে পারে। তৃণমূল পর্যায়ে গর্ভকালীন (ANC) সেবা নিশ্চিত করা গেলে প্রাতিষ্ঠানিক প্রসব সেবা বৃদ্ধি করা সম্ভব বলে সভায় মতামত প্রকাশ করা হয়।<br>মাঠপর্যায়ের উপপরিচালকগণ এর পক্ষ থেকে জানানো হয় যে, তৃণমূল পর্যায়ে গর্ভকালীন সেবা বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সহকারীগণকে ANC-১ সেবা প্রদানের দায়িত্ব প্রদান করা যেতে পারে। এ দায়িত্ব প্রদানের জন্য তাদের ন্যূনতম প্রশিক্ষণ ও দায়িত্ব পালনের ক্ষমতা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। প্রাতিষ্ঠানিক প্রসব সেবা নিশ্চিত করার লক্ষ্যে ANC-১ সেবা বৃদ্ধির জন্য কার্যক্রম জোরদার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। পরিবার কল্যাণ সহকারীগণদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দায়িত্ব পালনের ক্ষমতা প্রদান করার সিদ্ধান্ত সাপেক্ষে ANC-১ সেবা প্রদানের দায়িত্ব প্রদান এর বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন), বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ৫. | উপজেলা পর্যায়ের অফিসসমূহের অবস্থান ও সেবা কার্যক্রম দৃশ্যমানকরণ | উপজেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের অবস্থানসহ সেবা কার্যক্রম বিষয়ে বিভিন্ন ফোরামে অধিকতর প্রচার-প্রচারণা বৃদ্ধি এবং সেবা কার্যক্রমকে আরও দৃশ্যমান ও উন্নত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের অবস্থানসহ সকল সেবা কার্যক্রম দৃশ্যমান ও উন্নত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ৬. | বাল্যবিয়ে হ্রাসে কিশোর-কিশোরীদের সচেতনতামূলক কার্যক্রম | বাল্যবিয়ে হ্রাসে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক পরিচালিত স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, উঠান বৈঠক, পরিবার সম্মেলন, কিশোর-কশোরী সম্মেলনসহ অন্যান্য কর্মসূচিতে ব্যপকভাবে সচেতনতামূলক প্রচার কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের বিদ্যালয়সমূহের সমাবেশে উপস্থিত হয়ে ছাত্র-ছাত্রীদের বাল্যবিয়ে হ্রাসে | বাল্যবিয়ে হ্রাসে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক পরিচালিত স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, উঠান বৈঠক, পরিবার সম্মেলন, কিশোর-কশোরী সম্মেলনসহ অন্যান্য কর্মসূচিতে ব্যপকভাবে সচেতনতামূলক প্রচার কার্যক্রম পরিচালনার কার্যকরি পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | | |
| ৭. | জনবল নিয়োগ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরসহ মাঠপর্যায়ের কার্যক্রম পরিচালনায় সকল ক্যাটাগরির শূন্যপদে জনবল নিয়োগে দ্রুততম সময়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সকল ক্যাটাগরির শূন্যপদে জনবল নিয়োগে দ্রুততম সময়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) |
| ৮. | FDMN প্রজেক্ট এর কার্যক্রম | FDMN প্রজেক্ট এর কার্যক্রম পরিচালনার জন্য কক্সবাজার-এ প্রকল্প পরিচালক এর অফিস স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপপরিচালক, কক্সবাজার জানান যে, জেলা অফিসে প্রকল্প পরিচালক এর অফিস স্থাপনের জন্য কক্ষ বরাদ্দ দেয়া যাবে।<br>উক্ত প্রজেক্ট-এ উপপরিচালক, কক্সবাজার ও নোয়াখালীকে অন্তর্ভুক্ত করে কার্যক্রম পরিচালনার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১। FDMN প্রজেক্ট এর কার্যক্রম পরিচালনার জন্য কক্সবাজার জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রকল্প পরিচালক এর অফিস স্থাপন করতে হবে।<br>২। প্রকল্প কার্যক্রম পরিচালনায় উপপরিচালক, কক্সবাজার ও নোয়াখালী-কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রকল্প পরিচালক FDMN প্রজেক্ট |
| ৯. | পদসমূহ স্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন | সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর রাজস্বখাতে সৃজিত/স্থানান্তরিত পদসমূহ বছর বছর সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। উক্ত পদসমূহ স্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরের কার্যকরী উদ্যোগ গ্রহণের বিষয়ে মতামত প্রদান করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর রাজস্বখাতে সৃজিত/স্থানান্তরিত পদসমূহ স্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে কার্যকরী উদ্যোগ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ১০ | স্থানীয় NGO এর সাথে সমন্বয়ের মাধ্যমে প্রকল্প সম্প্রসারণ | সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কার্যক্রমকে অধিকতর সম্প্রসারিত করার লক্ষ্যে NGO-দের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। নিজেদের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে প্রয়োজনে স্থানীয় NGO-দের সম্পৃক্ত করার বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কার্যক্রমকে অধিকতর সম্প্রসারিত করার লক্ষ্যে স্থানীয় NGO-দের সম্পৃক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |
| ১১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি ব্যবহার | পরিবার পরিকল্পনা বিভাগের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি ব্যবহার করা হয়। এক্ষেত্রে অনেক সময় এ কার্যক্রম পরিচালনায় বিভিন্ন ধরণের সমস্যা পরিলক্ষিত হয়। এ কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে এ সমস্যা উত্তোরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি ব্যবহার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল) |

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | | |
| ১২ | MT Lab-দের কাজে সম্পৃক্তকরণ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন বিভিন্ন জেলায় ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে পদায়নকৃত MT Lab-দের প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদির যথাযথ ব্যবস্থা না থাকায় এ জনবলকে কার্যক্রমে সম্পুর্ণরূপে সম্পৃক্ত করা সম্ভব হচ্ছেনা। এমতাবস্থায়, তাদেরকে জনসেবায় সম্পৃক্ত করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগের প্রয়োজনীয়তা ও চাহিদার ভিত্তিতে আলোচনা সাপেক্ষে স্বাস্থ্য বিভাগে সংযুক্তিপূর্বক ন্যাস্ত করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন যে সকল সেবাকেন্দ্রে MT Lab-দের প্রয়োজনীয় সরঞ্জাম নেই সেসকল সেবাকেন্দ্রের MT Lab-দের স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে তাদেরকে স্বাস্থ্য বিভাগে প্রেষণে পদায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় পরিচালক/ উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/২/২৬

(ডা. আশরাফী আহমদ, এনডিসি)
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

নম্বর- ৫৯.১১.০০০০.১৫২.০৬.০০১.২১- ৫৫৬

তারিখ: ২৭ মাঘ ১৪৩২
১০ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক (সকল), ---------------------------, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪। পরিচালক, পরিবার পরিকল্পনা, ----------------------------- বিভাগ (সকল)।
৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ---------------------- জেলা (সকল)।
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

১০.২.২০২৬
(মীর সাজেদুর রহমান)
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd